



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

5 May 2026

7:35 AM IST

আসাম বিধানসভার ১২৬টি আসনের মধ্যে বিজেপি ৮২ টি, বিপিএফ ১০ টি, কংগ্রেস ১৯টি, অসম গণ পরিষদ দশটি এবং এ আই ইউ ডি এফ দল ২ টি, রাইজর দল দুটি এবং তৃণমূল কংগ্রেস একটি আসনে জয়লাভ করেছে।

রাজ্যে এবারের বিধানসভা নির্বাচনে কংগ্রেস নেতৃত্বাধীন বিরোধী মিত্রজোট আশানুরূপ ফল করতে পারে নি। রাজ্যের মূল বিরোধী দল কংগ্রেস একশটি আসনে প্রতিদ্বন্দিতা করে ১৯টি আসনে বিজয়ী হয়েছে। দলের পরাজিত প্রার্থীদের মধ্যে রয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি গৌরব গগৈ, বিধানসভার বিরোধী দল নেতা দেবব্রত শইকিয়া, দলের প্রাক্তন সভাপতি রিপুন বরা প্রমুখ। বিরোধী মিত্রজোটের অন্যতম অংশীদার অসম জাতীয় পরিষদ দল একটি আসনেও জয়লাভ করতে পারে নি। দলের সভাপতি লুরিনজ্যোতি গগৈ খোয়াং আসনে বিজেপি প্রার্থীর কাছে পরাজিত হয়েছেন।

অসম গণ পরিষদের দলের বিজয়ী উল্লেখযোগ্য প্রার্থীরা হচ্ছেন বোকাখাতে দলের সভাপতি অতুল বরা, বড়পেটায় দীপক কুমার দাস, ডিমোরিয়াতে ডঃ তপন দাস, কলিয়াবরে কেশব মহন্ত এবং তেজপুরে পৃথিরাজ রাভা ।

রাইজর দলের প্রার্থী মেহবুব মুক্তার খিং আসনে এবং তৃণমূল কংগ্রেসের শেরমান আলী আহমেদ মান্ডিয়া আসনে জয়ী হয়েছেন । এ আই ইউ ডি এফ'দলের সভাপতি বদর উদ্দিন আজমল বিন্নাকান্দি আসনে এবং মুজিবুর রহমান দলগাঁও আসনে জয়ী হয়েছেন ।

গোলাঘাট আসনে রাজ্যের বর্তমান মন্ত্রী অজন্তা নেওগ, গোয়ালপাড়া (পশ্চিম) আসনে পবিত্র রাভা, মাহমরা আসনে সুরজ দিহিঙ্গিয়া, টিংখং আসনে বিমল বরা, নগাঁও-বটদ্রবা আসনে রূপক শর্মা, মাজুলী আসনে ভূবন গাম, যোরহাট আসনে হিতেন্দ্র নাথ গোস্বামী, খুমটাই আসনে মৃগাল শইকিয়া, টংলা আসনে বিকান চন্দ্র ডেকা, ধেমাজী আসনে রাজ্যের বর্তমান শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু, জোনাই আসনে ভূবন পেগু, বিহালী আসনে মুনীন্দ্র দাস এবং জাগীরোড আসনে পীযুষ হাজারিকা জয়ী হয়েছেন ।

এবং এ আই ইউ ডি এফ'এর মুজিবুর রহমান দলগাঁও আসনে জয়ী হয়েছেন । এ আই ইউ ডি এফ দলের সভাপতি মোঃ বদরুদ্দিন আজমল বিন্নাকান্দি আসন থেকে জয়লাভ করেছেন।

এদিকে অসম গণ পরিষদের দখলে যাওয়া পাঁচটি আসন হচ্ছে- বোকাখাতে দলের সভাপতি অতুল বরা, বড়পেটায় দীপক কুমার দাস, ডিমোরিয়াতে ডঃ তপন দাস, কলিয়াবরে কেশব মহন্ত এবং তেজপুরে পৃথবিরাজ রাভা বিজয়ী হয়েছেন।

রাইজর দলের প্রার্থী মেহবুব মুক্তার ধিং আসনে এবং তৃণমূল কংগ্রেসের শেরমান আলী আহমেদ মান্ডিয়া আসনে জয়ী হয়েছেন ।

বরাক উপত্যকার তিন জেলার তেরোটি আসনের মধ্যে ভারতীয় জনতা পার্টি নটি আসনে এবং ভারতীয় জাতীয় কংগ্রেস চারটি আসনে বিজয়ী হয়েছে ।

কাছাড় জেলার সাতটি আসনের মধ্যে বিজেপি ছটি আসনে এবং কংগ্রেস একটি আসনে বিজয়ী হয়েছে । হাইলাকান্দি জেলার দুটি আসনের মধ্যে হাইলাকান্দি আসনে বিজেপি ও আলগাপুর-কাটলিছড়া আসনে কংগ্রেস বিজয়ী হয়েছে । এদিকে শ্রীভূমি জেলার চারটি আসনের মধ্যে পাথাকারন্দি ও রামকৃষ্ণনগরে বিজেপি এবং উত্তর ও দক্ষিণ করিমগঞ্জ কংগ্রেস বিজয়ী হয়েছে ।

লক্ষ্মীপুর আসনে বিজেপি প্রার্থী- রাজ্যের বর্তমান মন্ত্রী কৌশিক রাই বিজয়ী হয়েছেন । তিনি ৯৯ হাজার ৪০১ ভোটে তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের ডাঃ শান্তি কুমার সিংহকে পরাজিত করেছেন । এই আসনে শ্রী রাই পেয়েছেন- এক লক্ষ ২৫ হাজার ৩০২টি ভোট

। এবং ডাঃ সিংহ পেয়েছেন ২৫ হাজার ৯০১ টি ভোট। শ্রী রাই তার প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, বাইট - কৌশিক

শিলচর আসনে প্রাক্তন সাংসদ- বিজেপি প্রার্থী ডা.রাজদীপ রায় জয়ী হয়েছেন । তিনি তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের প্রার্থী অভিজিৎ পালের থেকে ৫৩ হাজার ৯৯৭ ভোট বেশি পেয়ে জয়লাভ করেছেন । এই আসনে ডা. রায় পেয়েছেন- এক লক্ষ ১০ হাজার ৭৫৮ টি ভোট । এবং শ্রী পাল পেয়েছেন ৫৬ হাজার ৭৬১টি ভোট। ডা: রায় নিজের জয়ে খুশি ব্যক্ত করে বলেন। বাইট

সোনাই আসনে কংগ্রেস প্রার্থী আমিনুল হক লস্কর ২৭ হাজার ১৭০ ভোটে অসম গণ পরিষদের করিম উদ্দিন বড়ভূইয়াকে পরাজিত করেছেন। শ্রী লস্কর পেয়েছেন - ৬২ হাজার ৭৮৭ টি ভোট।

কাটিগড়া আসনে বিএপি প্রার্থী কমল্য দে পুরকায়স্থ ৩৭ হাজার ৬৮০ ভোরে তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের অমরচান্দ জৈনকে পরাজিত করেছেন। শ্রী দে পুরকায়স্থ পেয়েছেন ১ লক্ষ ১০ হাজার ৭৫৮ ভোট। এবং শ্রী জৈন পেয়েছেন ৭৩ হাজার ৭৮ টি ভোট।

ধলাই আসনে বিজেপি প্রার্থী অমিয় কান্তি দাস ৪৪ হাজার ৪৬২ ভোটের ব্যবধানে তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেস প্রার্থী ধুবজ্যোতি পুরকায়স্থকে হারিয়ে বিজয়ী হয়েছেন। শ্রী দাস পেয়েছেন এক লক্ষ

৬শ ৩৪ টি ভোট এবং শ্রী পুরকায়স্থ পেয়েছেন- ৫৬ হাজার ১৭২ টি ভোট ।

বড়খলা আসনে বিজেপি প্রার্থী কিশোর নাথ তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেস প্রার্থী ডাঃ অমিত কালোয়ার থেকে ৩৬ হাজার ৬১৩ টি ভোট বেশি পেয়ে জয়লাভ করেছেন । শ্রী নাথ পেয়েছেন এক লক্ষ দুই হাজার ৭৭৫ টি ভোট। এবং শ্রী কালোয়ার পেয়েছেন ৬৬ হাজার ১৬২ টি ভোট । এই আসনে তৃতীয় স্থানে রয়েছেন নির্দল প্রার্থী অমলেন্দু দাস। তিনি পেয়েছেন- ৩ হাজার ৭১৩টি ভোট ।

উধারবন্দ বিধানসভা আসনে বিজেপি প্রার্থী রাজদীপ গোয়াল্লা জয়লাভ করেছেন । তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেস প্রার্থী অজিত সিংহের থেকে ৫৫ হাজার ৪৬৪ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন ।
